**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার নবম অধিবেশনের আজ শেষদিনে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট গৃহীত।**

**(২) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে মনোনয়নপত্র দাখিলের প্রক্রিয়া শেষ। আগামীকাল স্ক্রুটিনী।**

**(৩) পশ্চিম এশিয়ায় উদ্ভূত সংঘাত পরিস্থিতি প্রসঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত সর্বদাই মানবতা ও শান্তির পক্ষে।**

**(৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের প্রতিটি গ্রামীণ পরিবারে পানীয়জল সরবরাহ করার লক্ষ্যে সরকার মিশন মুডে কাজ করছে।**

**(৫) এডিসি নির্বাচনে জাতীয় কংগ্রেস ও আই.পি.এফ.টি'র পক্ষ থেকে পৃথকভাবে প্রার্থী তালিকা প্রকাশ করা হয়েছে।**

**************************************

**Assembly-Adjournment :**

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার নবম অধিবেশন আজ শেষ হয়েছে। আজ শেষদিনের অধিবেশনের দ্বিতীয়ার্ধে ২০২৬-২৭ অর্থবছরের জন্য ৩৪,২১২ কোটি ৩১ লক্ষ টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব গৃহীত হয়েছে। এর আগে বিরোধী দলের সদস্যদের আনা ছাঁটাই প্রস্তাবগুলি ধ্বনি ভোটে বাতিল হয়ে যায়। বিধানসভা অধিবেশনের দ্বিতীয়ার্ধে আজ 'ধন্বন্তরী স্কিল ইউনিভার্সিটি, ত্রিপুরা বিল, ২০২৫' গৃহীত হয়। বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া আজকের সমস্ত কর্মসূচির শেষে বিধানসভার অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি ঘোষণা করেন।

*************************

**Vande Mataram-Govorner :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বন্দেমাতরম জাতীয় সংগীতের ১৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আজ রাজ্যব্যাপী ৮ দিনের কর্মসূচির সূচনা করেছেন। আগরতলার নজরুল কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে তিনি ভারতের স্বাধীনতা সংগ্রামী বীর শহীদ ভগত সিং, শিবরাম রাজগুরু ও শুকদেব থাপারের প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন, ভারত মাতার মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন। রাজ্যপাল বলেন, বন্দেমাতরম জাতীয় সঙ্গীত আমাদের সবার কাছে এক গর্বের বিষয়। বন্দেমাতরমের ১৫০ বছরের মাইলফলক উদযাপনকালে আমরা এই গৌরবময় জাতীয় ঐতিহ্যের অবিচ্ছেদ্য অংশ হতে পেরে গর্ববোধ করছি। তিনি স্বাধীনতা সংগ্রামীদের চিত্র প্রদর্শনী ঘুরে দেখেন।

****************************

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের মনোনয়নপত্র দাখিলের প্রক্রিয়া আজ শেষ হয়েছে। এই উপ-নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য মোট ৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। আজ মনোনয়নপত্র পেশের শেষ দিনে বিজেপি এবং কংগ্রেস দলের প্রার্থীরা তাদের মনোনয়নপত্র পেশ করেন। আজ দুপুরে বিজেপি প্রার্থী জহর চক্রবর্তী রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরীর কাছে মনোনয়নপত্র পেশ করেন। এর আগে আজ সকালে কংগ্রেস প্রার্থী চয়ন ভট্টাচার্যও রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরীর কাছে মনোনয়নপত্র পেশ করেন। আগামীকাল মনোনয়নপত্রগুলি স্ক্রুটিনী করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন আগামী ২৬শে মার্চ। ভোট গ্রহণ ৯ই এপ্রিল।

************************

**PM-Lokshabha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ লোকসভায় পশ্চিম এশিয়ায় উদ্ভূত সংঘাত পরিস্থিতি নিয়ে বক্তব্য রাখতে গিয়ে বলেন, ভারত সর্বদাই মানবতা ও শান্তির পক্ষে। তিনি বলেন, এই পরিস্থিতিতে "ভারতের ভূমিকা স্পষ্ট। ভারত একেবারে শুরু থেকেই এই সংঘাত নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। অবিলম্বে এই সংঘাতের অবসান ঘটাতে ভারত পশ্চিম এশিয়ার সংশ্লিষ্ট সমস্ত নেতৃবৃন্দের কাছে আহ্বান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, এই সমস্যার একমাত্র সমাধান হলো সংলাপ ও কূটনীতি।

এই যুদ্ধ ভারতের জন্যও অভূতপূর্ব চ্যালেঞ্জ তৈরি করেছে। এই চ্যালেঞ্জগুলো হলো অর্থনৈতিক, জাতীয় নিরাপত্তা-সংক্রান্ত এবং মানবিক। যুদ্ধরত ও যুদ্ধ দ্বারা ক্ষতিগ্রস্ত দেশগুলোর সঙ্গে ভারতের ব্যাপক বাণিজ্যিক সম্পর্ক রয়েছে। যে অঞ্চলে এই যুদ্ধ চলছে, সেটিও বিশ্বের অন্যান্য দেশের সঙ্গে ভারতের বাণিজ্যের একটি গুরুত্বপূর্ণ পথ। বিশেষ করে, এই অঞ্চলটি ভারতের অপরিশোধিত তেল ও গ্যাসের চাহিদার একটি বড় অংশ পূরণ করে।

কৃষির উপর এই যুদ্ধের প্রভাব সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন, ভারতের কৃষকেরা খাদ্যশস্যের ভান্ডার পূর্ণ করেছেন, তাই খাদ্য নিরাপত্তার দিক থেকে ভারত ভালোভাবে প্রস্তুত। সরকার যে কোনও জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য সারের পর্যাপ্ত ব্যবস্থা রেখেছে। অতীতেও ভারত সরকার বৈশ্বিক সংকটের প্রভাব কৃষকদের উপর পড়তে দেয়নি। প্রধানমন্ত্রী আরো বলেন, যুদ্ধ পরিস্থিতিতে সবাইকে সতর্ক থাকতে হবে। যখন এই ধরনের সংকট দেখা দেয়, তখন কিছু অসাধু মানুষ পরিস্থিতির সুযোগ নেওয়ার চেষ্টা করে। তাই, উপকূলীয় নিরাপত্তা, সীমান্ত নিরাপত্তা এবং সাইবার নিরাপত্তা-সহ আইন-শৃঙ্খলা নিশ্চিত করার দায়িত্বে থাকা সমস্ত সংস্থাকে সতর্ক করা হয়েছে।

প্রধানমন্ত্রী এই উদ্ভুত পরিস্থিতিতে রাজ্য সরকারগুলির কাছে আবেদন জানিয়ে বলেছেন, এমন সময়ে কালোবাজারি ও মজুতদারি বেড়ে যাওয়ার প্রবণতা থাকে। সুতরাং, এর বিরুদ্ধে রাজ্য সরকারগুলির কঠোর নজরদারি

প্রয়োজন। এই ধরনের কার্যকলাপের দ্রুত তদন্ত করে কঠোর ব্যবস্থা নেবার জন্য প্রধানমন্ত্রী রাজ্য সরকারগুলিকে পরামর্শ দিয়েছেন।

######Byte-PM#####

*****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Assembly-Drinking Water :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের প্রতিটি গ্রামীণ পরিবারে পাইপলাইনের মাধ্যমে নিয়মিত ও দীর্ঘমেয়াদি ভিত্তিতে পানীয়জল সরবরাহ করার লক্ষ্যে সরকার মিশন মুডে কাজ করছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক শম্ভুলাল চাকমার আনা একটি দৃষ্টি আকর্ষণী নোটিশের জবাবে তিনি একথা বলেন। তিনি বলেন, ভূ-গর্ভস্থ জলের স্তরকে বাঁচাতে জল সংরক্ষণকে প্রাধান্য দিয়ে পানীয়জল ও স্বাস্থ্যবিধান দপ্তর বিভিন্ন এলাকায় নদী, ছড়া, জলাধার এবং ঝর্ণার জলকে কেন্দ্র করে ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট ও উদ্ভাবনীমূলক প্রকল্প তৈরি করছে।

****************************

**Congress- Candidate :**

আসন্ন এডিসি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা আজ ২৮টি আসনে জাতীয় কংগ্রেস প্রার্থীদের নাম ঘোষণা করেছেন। প্রার্থীরা হলেন দামছড়া-জম্পুই আসনে রমন জয় রিয়াং, মাছমারা আসনে অর্জুন রায়, দশদা কাঞ্চনপুর আসনে জোতিব্রত দেব, করমছড়ায় ধীরেন্দ্র দেববর্মা, ছামনুতে সূর্যলাল চাকমা, মনু ছৈলেংটায় রতন পাল, ডেমছড়া-কচুছড়ায় হরিনাথ দেববর্মা, গন্ডাছড়া-গঙ্গানগরে দীনারাম রিয়াং, আশারামবাড়ী-হালহালিতে প্রনব দেববর্মা, কুলাই-চামপাহাওরে কমেন্দ্র রিয়াংকে প্রার্থী করা হয়েছে।

তাছাড়া তেলিয়ামুড়া-মহারানীপুর আসনে শ্যামল দেববর্মা, রামচন্দ্রঘাটে অমালেন দেববর্মা, সিমনা-তমাকারিতে অনন্ত ওরাং, বোধজংনগর-ওয়াকীনগরে তপন দেববর্মা, জিরানিয়ায় চম্পা দেববর্মা, মান্দাই-পুলিনপুরে

বিকাশ দেববর্মা, পেকুয়ারজলা–জন্মেজয়নগরে দীনেশ দেববর্মা, টাকারজলা–জম্পুইজলায় বিনোদ দেববর্মা এবং আমতলী–গোলাঘাটিতে কেশরাম দেববর্মাকে প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে।

কিল্লা-বাগমা আসনে অরত বাহাদুর মলসোম, মহারানী–চেলাগাংয়ে সাধন জমাতিয়া, কাঁঠালিয়া–মির্জা–রাজাপুরে ভুঁইয়া লীলা নোয়াতিয়া, অম্পিনগরে ফলিন্দ্র জমাতিয়া, রাইমাভ্যালিতে সুরেশ ত্রিপুরা, নতুনবাজার–মালবাসায় জিতেন্দ্র রিয়াং, বীরচন্দ্র–কলসিতে আব্রাহাম রিয়াং, পূর্ব মুহুরীপুর–ভুরাতলিতে বিহান ত্রিপুরা এবং শিলাছড়ি–মনুবনকুল আসনে কেজরী মগকে জাতীয় কংগ্রেসের প্রার্থী হিসাবে মনোনীত করা হয়েছে।

****************************

**IPFT-Candidate :**

আসন্ন এডিসি নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতার জন্য আই.পি.এফ.টি'র পক্ষ থেকে ৯টি আসনের জন্য প্রার্থী তালিকা ঘোষনা করা হয়েছে। দলের সাধারণ সম্পাদক স্বপন দেববর্মা আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে প্রার্থী তালিকা ঘোষনা করেন। আই.পি.এফ.টি দলের প্রার্থীরা হলেন দামছড়া-জম্পুই আসনে উদররাম রিয়াং,মহারানীপুর-তেলিয়ামুড়া আসনে ধনঞ্জয় রিয়াং, রামচন্দ্রঘাটে স্বপন দেববর্মা, সিমনা-তমাকারি আসনে রাজেন্দ্র দেববর্মা, আমতলী-গোলাঘাটিতে বিকাশ দেববর্মা, অম্পিনগরে যশোধা রানী জমাতিয়া, রাইমাভ্যালীতে চরনবাসী ত্রিপুরা, নুতনবাজার-মালবাসা আসনে প্রনব ত্রিপুরা এবং বীরচন্দ্রনগর-কলসি আসনে জিতিরাম ত্রিপুরা। আই.পি.এফ.টি'র সাধারন সম্পাদক স্বপন দেববর্মা জানিয়েছেন, আগামীকাল আরো বেশ কিছু আসনে আই.পি.এফ.টি প্রার্থীদের নাম ঘোষণা করা হবে।

*************************

**My Bharat-Shaheed Padyatra :**

মাই ভারত, পশ্চিম ত্রিপুরা জেলা কার্যালয়ের উদ্যোগে আজ শহীদ দিবস পদযাত্রার আয়োজন করা হয়। 'আমার ভারত আমার দায়বদ্ধতা' এই

ভাবনাকে সামনে রেখে দেশের মহান শহীদ ভগত সিং, শিবরাম রাজগুরু, এবং সুখদেব থাপারের আত্মবলিদানকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। মাই ভারতের জেলা যুব আধিকারিক অজিত কুমার জানান, পদযাত্রাটি উজ্জ্বয়ন্ত প্রাসাদের প্রবেশ পথ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকা পরিক্রমা করে উমাকান্ত একাডেমির মাঠে গিয়ে শেষ হয়। পদযাত্রাটির সূচনা করেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিত শীল।

***************************

**World Optometry Day :**

বিশ্ব অপটোমেট্রি দিবস উপলক্ষে আজ অল ইন্ডিয়া অপটোমেট্রি এসোসিয়েশনের উদ্যোগে আগরতলার আই.জি.এম হাসপাতালের সামনে থেকে এক সচেতনতামূলক শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। এসোসিয়েশনের সম্পাদক সুমিত বনিক জানান, এই দিবস পালনের মূল উদ্দেশ্য হলো চোখের স্বাস্থ্য সম্পর্কে জনগণের সচেতনতা বাড়ানো এবং নিয়মিত চক্ষু পরীক্ষা করার গুরুত্ব তুলে ধরা।

***********************************

**Union Minister of Jal Shakti :**

কেন্দ্রীয় জল শক্তি মন্ত্রী সি আর পাতিল আজ বলেছেন, জল জীবন মিশনের আওতায় ১৬ কোটিরও বেশি বাড়িতে পাইপ লাইন ট্যাপের মাধ্যমে জল পৌঁছে দেওয়া হয়েছে। নতুন দিল্লিতে অনুষ্ঠিত বিশ্ব জল দিবস কনক্লেভ ২০২৬-এর উদ্বোধনী অধিবেশনে তিনি একথা বলেন। তিনি বলেন, এই কনক্লেভ জল সংরক্ষণ এবং টেকসই জল ব্যবস্থাপনার বিষয়ে পরামর্শ প্রদান ও মতামত বিনিময়ের মঞ্চ হিসেবে কাজ করবে।

*********************************

**NF Railway :**

আগামীকাল থেকে আগরতলা-নারিঙ্গীর মধ্যে এক্সপ্রেস ট্রেন নিয়মিতভাবে চলাচল শুরু হবে। আগামীকাল রাত সাড়ে ৯টায় ট্রেনটি ছেড়ে গুয়াহাটির কাছে নারিঙ্গী রেল স্টেশনে পৌঁছুবে পরদিন বেলা সাড়ে ১২টায়। ট্রেনটি আগরতলার পর ত্রিপুরার আমবাসা, কুমারঘাট, ধর্মনগরে থামবে।

****************************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ আজ থেকে ২৭শে মার্চ পর্যন্ত রাজ্যের কিছু কিছু স্থানে ঝড় বৃষ্টি ও ২৮শে মার্চ ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে। আগরতলায় আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, আজ রাজ্যে দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

****************************

**First Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ তিনটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে ওল্ড প্লে সেন্টার ৯ উইকেটে মৌচাক ক্লাবকে, টিআইটি মাঠে কসমোপলিটন ক্লাব ৪২ রানে পোলেস্টার ক্লাবকে এবং এমবিবি স্টেডিয়ামে চলমান সংঘ ৪৪ রানে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

****************************